# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ইসলামিক ফাউন্ডেশনের ১৫০তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আনিস মাহমুদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব),ইসলামিক ফাউন্ডেশন।

তারিখ ও সময় : ২৬ আগস্ট ২০২০ দুপুর ২:৩০ টা।

স্থান : ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষ (২য় তলা), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭।

সভার সভাপতি, ঢাকাস্থ পরিচালক ও প্রকল্প পরিচালকগণ ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের সভাকক্ষে উপস্থিত হন এবং বিভাগীয় পরিচালকগণ জুম অ্যাপস্ এর মাধ্যমে সভায় সংযুক্ত ছিলেন। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাকে জানানো হয়, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালনের উদ্দেশ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কর্মসূচি যথাযথ মর্যাদা ও আন্তরিকতার সাথে বাস্তবায়ন করা হয়েছে। ১৫ আগস্ট সকালে বৃক্ষরোপন, দিনব্যাপি ফ্রি চিকিৎসাসেবা প্রদান ও বায়তুল মুকাররম জাতীয় মসজিদসহ ফাউন্ডেশনের নিয়নত্রণাধীন মসজিদসমূহে পবিত্র কুরআন খতম, সংক্ষিপ্ত আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সারাদেশের মসজিদগুলোতে ১৪ আগস্ট বাদ জু'মা ও ১৫ আগস্ট বাদ যোহর বিশেষ দোয়া করা হয়েছে। ১৬ – ১৮ আগস্ট তারিখে উপজেলা, ইসলামিক মিশন, ইমাম ট্রেনিং একাডেমী এবং জেলা ও বিভাগীয় কার্যালয়ে পবিত্র কুরআন খতম, সংক্ষিপ্ত আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ১৯ আগস্ট সকাল ১১:০০টা অনলাইনে ওয়েবিনারে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এমপি উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে যুক্ত হন। এছাড়া ১৬ আগস্ট তারিখ থেকে অনলাইনে ইসলামী প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে এবং ১৭ – ৩১ আগস্ট তারিখে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক নির্মিত 'ইসলাম ও বঙ্গবন্ধু' শিরোনামে আলোচনা অনুষ্টান বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত হচ্ছে।

২। মহাপরিচালক আরো বলেন, মাসিক সমন্বয় সভাগুলোতে বিভিন্ন কার্যক্রম সম্পাদনের জন্য বিভিন্ন কমিটি গঠন করা হলেও কোন কমিটিরই কোন প্রতিবেদন/কার্যবিবরণী পাওয়া যায়নি। ফলে কমিটি গঠনের করে আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে সকলকে সক্রিয় ও সজাগ হওয়ার অনুরোধ জানানো হয়। সভাপতি আরো বলেন, বারবার ই-নথি বাস্তবায়ন করার তাগিদ দেয়ার পরও কাঙ্ক্ষিত মাত্রার ফলাফল পাওয়া যাচ্ছে না। বিশেষ করে কোন জেলা থেকে আজ পর্যন্ত ই-নথিতে কোন নথি আসেনি। প্রধান কার্যালয়সহ ইসলামিক ফাউন্ডেশনের সকল ইউনিটে ই-নথির ব্যবহার বৃদ্ধির আহ্বান জানান।

৩। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপভাবে বিস্তারিত কর্মসূচি গ্রহণ ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | শিরোনাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | ১৪৪২ হিজরি সনের পবিত্র আশুরা উদযাপন | সমন্বয় বিভাগের পরিচালক জনাব মোহাম্মদ মহীউদ্দিন মজুমদার বলেন, আগামী ৩০ আগস্ট ২০২০ রবিবার সারাদেশে যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে পবিত্র আশুরা উদযাপিত হবে। ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়সহ বিভাগীয় ও জেলা কার্যালয় এবং ইসলামিক মিশনে প্রতি বছর এ ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসটি উদযাপন করা হয়। ২০২০-২১ অর্থ বছরে জেলা পর্যায়ে পবিত্র আশুরা উদযাপন বাবদ ৩০০০/- (তিন হাজার) টাকা হারে বরাদ্দ রয়েছে। এ বছর বিরাজমান করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে বিবেচনায় নিয়ে পবিত্র আশুরা উদযাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | বিরাজমান করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ পরিস্থিতিতে সব ধরনের সামাজিক/রাজনৈতিক/ ধর্মীয় জনসমাগমে নিষেধাজ্ঞা প্রদান করা হয়েছে। এই পরিস্থিতিতে পবিত্র আশুরা উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়ের উদ্যোগে বিভাগ/জেলার কেন্দ্রীয় জামে মসজিদে স্বাস্থ্যবিধি পালনপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে যোহরের নামাজের পর বিশেষ দোয়ার ব্যবস্থা করতে হবে। তবে এ খাতে বরাদ্দকৃত কোন অর্থ ব্যয় করা যাবে না। | ১) পরিচালক, সমন্বয় বিভাগ ২) পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ ৩) পরিচালক/ উপ-পরিচালক, বিভাগীয়/জেলা কার্যালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ইসলামিক ফাউন্ডেশন প্রেসের অতিরিক্ত অর্থ পেনশন তহবিলে স্থানান্তর | অর্থ ও হিসাব বিভাগের পরিচালক জনাব মোঃ আফজাল উদ্দিন বলেন, ইসলামিক ফাউন্ডেশন কর্মচারি (অবসর ভাতা ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০১৪ এর আলোকে ইসলামিক ফাউন্ডেশনে ২০১৪ সাল থেকে পেনশন প্রথা চালু করা হয়েছে। উক্ত প্রবিধানমালায় তহবিল গঠন সংক্রান্ত ৫.০ ধারায় ফাউন্ডেশন প্রেসের নিজস্ব বাৎসরিক আয় হতে ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থ পেনশন তহবিলে স্থানান্তর করার কথা রয়েছে। কিন্তু প্রেসের নিজস্ব বাৎসরিক আয় হতে ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থ পেনশন তহবিলে স্থানান্তর করার বিষয়ে অর্থ ও হিসাব বিভাগ থেকে একাধিকবার পত্র প্রদান করা সত্ত্বেও কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। | ইসলামিক ফাউন্ডেশন প্রেসের অতিরিক্ত অর্থ পেনশন তহবিলে স্থানান্তর বিষয়ে প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস জরুরী ব্যবস্থা গ্রহণ করবেন। | ১) প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস<br>২) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ |
| ০৩ | ইসলামিক ফাউন্ডেশন প্রেসের ছাঁট কাগজ বিক্রিত অর্থের অংশ-বিশেষ কল্যাণ তহবিল স্থানান্তর | অর্থ ও হিসাব বিভাগের পরিচালক জনাব মোঃ আফজাল উদ্দিন বলেন, ইসলামিক ফাউন্ডেশন প্রেসের ছাঁট কাগজ বিক্রিত অর্থের একটি অংশ কল্যাণ তহবিলে স্থানান্তর করার বিষয়ে খসড়া নীতিমালা রয়েছে এবং আর্থিক সাহায্য মঞ্জুরির লক্ষ্যে কল্যাণ তহবিল পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীতে সিদ্ধান্ত রয়েছে। কিন্তু প্রেসের ছাঁট কাগজ বিক্রিত অর্থের একটি অংশ কল্যাণ তহবিলে স্থানান্তর করা হচ্ছে না। | সরকারী কর্মচারীদের ন্যায় ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের কর্মরত অবস্থায় মৃত্যু/গুরুতর অসুস্থতার ক্ষেত্রে এককালীন অনুদান প্রদানের ব্যবস্থা চালুর বিষয়ে উপসচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপসচিব, ইসলামিক ফাউন্ডেশন |
| ০৪ | জিপিএফ ও জিপিএফ ঋণের টাকা যথানিয়ম ও যথাসময়ে প্রেরণ নিশ্চিতকরণ | অর্থ ও হিসাব বিভাগের পরিচালক জনাব মোঃ আফজাল উদ্দিন বলেন, ইসলামিক ফাউন্ডেশনের কিছু কিছু জেলার কর্মকর্তা-কর্মচারীদের জিপিএফ থেকে কিস্তি ও ঋণের টাকা নিয়মিত প্রধান কার্যালয়ে জমা করে না। কোন কোন জেলা মোটেও পরিশোধ করে না। একসাথে ২/৩ মাস এমনকি ৬ মাস পরেও একত্রে প্রেরণ করা হয়। জিপিএফ এর মাসিক চাঁদার প্রেরিত ডিডি ব্যাংক থেকে তৈরি করার পর সংশ্লিষ্ট কেন্দ্রের পরীক্ষা-নিরীক্ষা ছাড়াই প্রধান কার্যালয়ে প্রেরণ করায় সংযুক্ত চাঁদা কর্তনের তালিকায় গরমিল পাওয়া যায়। যার ফলে হিসাব সংরক্ষণে সমস্যা দেখা দেয়। এছাড়া অনেক ক্ষেত্রে প্রধান কার্যালয়ে প্রেরিত লেজারের পৃষ্ঠা নম্বর উল্লেখ করা হয় না। জিপিএফ ও জিপিএফ ঋণের টাকা যথানিয়ম ও যথাসময়ে প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে বিভাগীয় ও জেলা কার্যালয়ে দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণকে অবহিত করা যেতে পারে। | জিপিএফ ও জিপিএফ ঋণের টাকা যথানিয়ম ও যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার লক্ষে বিভাগীয় ও জেলা কার্যালয় এবং ইসলামিক মিশনের সকল কেন্দ্রে পত্র প্রেরণ করতে হবে। | ১) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ<br>৩) পরিচালক, ইসলামিক মিশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | কল্যাণ তহবিলের চাঁদা প্রেরণ সংক্রান্ত | ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় ও জেলা কার্যালয়, ইমাম প্রশিক্ষণ একাডেমি ও ইসলামিক মিশনের বিভিন্ন কেন্দ্র হতে কল্যাণ তহবিলের চাঁদা প্রেরণের চিঠিতে চাঁদাদাতার নামের পার্শ্বে লেজার পৃষ্ঠা উল্লেখ করা হয় না বিধায় লেজার বইতে চাঁদাদাতার হিসাব নির্ভুলভাবে সংরক্ষণে সমস্যা হচ্ছে। দাফন-কাফন বাবদ আর্থিক অনুদানের আবেদনের সাথে মৃত্যু সনদ ও আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র ও কেন্দ্র হতে অগ্রিম প্রদান করা হলে প্রাপ্তি স্বীকার পত্র সংযোগ করার নিয়ম থাকলেও অনেকক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণক ছাড়াই আবেদনপত্র দাখিল করা হয় বিধায় নথি উপস্থাপনে সমস্যা হয়।<br>কল্যাণ তহবিলের চাঁদা যথানিয়ম ও যথাসময়ে প্রেরণ এবং মৃত্যুর দাফন-কাফন বাবদ আর্থিক অনুদানের অর্থ মঞ্জুরির বিষয়ে বিভাগীয় ও জেলা কার্যালয়, ইমাম প্রশিক্ষণ একাডেমি ও ইসলামিক মিশনের বিভিন্ন কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণকে অবহিত করা যেতে পারে। | কল্যাণ তহবিলের চাঁদা প্রেরণ নিশ্চিত করার লক্ষে বিভাগীয় ও জেলা কার্যালয় এবং ইসলামিক মিশনের সকল কেন্দ্রে পত্র প্রেরণ করতে হবে। | ১) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ<br>৩) পরিচালক, ইসলামিক মিশন |
| ০৬ | পার্বত্য জেলায় প্রতিষ্ঠিত ১৪টি ইসলামিক মিশন উপকেন্দ্রের জন্য জমি সংগ্রহ সংক্রান্ত | ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্নরস্ এর অনুমোদনের প্রেক্ষিতে তিন পার্বত্য জেলায় ইসলামিক মিশনের ১৪টি উপকেন্দ্র চালু করা হয়। কিন্তু ইসলামিক মিশন নাইক্ষ্যংছড়ি বান্দরবান উপকেন্দ্র ব্যতীত অন্যান্য উপকেন্দ্রের জন্য জমি পাওয়া যায়নি। ১৪টি ইসলামিক মিশন উপকেন্দ্রের জন্য জমি সংগ্রহের বিষয়ে সভায় কমিটি গঠনপূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | এ বিষয়ে পার্বত্য চট্টগ্রামের ৩ জেলা যথা: রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জেলা প্রশাসকগণকে পত্র দিতে হবে। | পরিচালক, ইসলামিক মিশন |
| ০৭ | পুস্তক সংরক্ষণের জন্য স্থায়ী গোডাউনের ব্যবস্থাকরণ | ইসলামিক ফাউন্ডেশনের প্রকাশনা বিভাগের পরিচালক ড. মুহাম্মদ আবদুস সালাম বলেন, পুস্তক ও কাগজ সংরক্ষণের জন্য কোন স্থায়ী গোডাউন নেই। আগারগাঁওস্থ ইসলামিক ফাউন্ডেশন ভবনের আন্ডারগ্রাউন্ডে কারপার্কিং এর স্থানে পুস্তক ও কাগজ সংরক্ষণ করা হয়। বৃষ্টির পানিতে পুস্তক ও কাগজ ভিজে যায়। তাই প্রকাশনা বিভাগ কর্তৃক প্রকাশিত বই-পুস্তক ও ক্রয়কৃত কাগজ সংরক্ষণের জন্য সুবিধাজনক স্থানে স্থায়ী গোডাউনের ব্যবস্থা করা যেতে পারে। গোডাউন নির্মাণের জন্য কমিটি গঠন করা যেতে পারে। | এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন ভবনের মাস্টার প্লান অনুযায়ী নিম্নোক্ত কমিটি স্থায়ী গোডাউন নির্মাণের জন্য প্রতিবেদন দাখিল করবেন।<br>১ - সচিব, ইসলামিক ফাউন্ডেশন - আহবায়ক<br>২ - পরিচালক, প্রকাশনা বিভাগ - সদস্য<br>৩ - পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ - সদস্য<br>৪ - পরিচালক, সমন্বয় বিভাগ - সদস্য<br>৫ - প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস - সদস্য<br>৬ - প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা প্রকল্প - সদস্য | সংশ্লিষ্ট কমিটি |
| ০৮ | বায়তুল মুকাররম মার্কেটের বই বিক্রয় কেন্দ্রের | বায়তুল মুকাররম মসজিদ মার্কেটের পূর্ব গেটে পুস্তক মার্কেটে ইসলামিক ফাউন্ডেশনের বই বিক্রয়ের জন্য একটি বিক্রয় কেন্দ্র রয়েছে। উক্ত বই বিক্রয় | বায়তুল মুকাররম মার্কেটের বই বিক্রয় কেন্দ্রের উন্নয়নের জন্য নিম্নোক্ত কমিটি আগামী ৭ কর্মদিবসের মধ্যে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | উন্নয়ন | কেন্দ্রের উন্নয়ন এবং একজন অফিসারের বসার জন্য অফিস কক্ষ নির্মাণের ব্যবস্থা করা যেতে পারে। এ বিষয়ে কমিটি গঠন করা যেতে পারে। | দাখিল করবেন এবং এ বিষয়ে প্রকাশনা বিভাগ থেকে অর্থের সংস্থান করা হবে।<br>১ - পরিচালক, প্রকাশনা বিভাগ - আহবায়ক<br>২ - পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ - সদস্য<br>৩ - পরিচালক, সমন্বয় বিভাগ - সদস্য | |
| ০৯ | তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ | তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে গত ১৬/০৮/২০১৮ খ্রি. তারিখে ইসলামিক ফাউন্ডেশনের আপীল কর্তৃপক্ষ, তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে যথাক্রমে জনাব সামীম মোহাম্মদ আফজাল, মহাপরিচালক; জনাব মুহাম্মদ নিজাম উদ্দিন, সহকারী পরিচালক (জনসংযোগ) ও জনাব শায়লা শারমীন, সহকারী জনসংযোগ কর্মকর্তাকে নির্ধারণ করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। আপীল কর্তৃপক্ষ পদাধিকার বলে 'মহাপরিচালক' হয়ে থাকেন। তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করতে হয়। জনাব মুহাম্মদ নিজাম উদ্দিনকে সমন্বয় বিভাগে বদলি করার পর থেকে 'তথ্য প্রদানকারী কর্মকর্তা'র পদটি শূন্য রয়েছে। অনতিবিলম্বে এ পদে যোগ্য ব্যক্তিকে নিয়োগ করা যেতে পারে। | ইসলামিক ফাউন্ডেশন উপসচিব জনাব জিয়াউর রহমানকে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও উপ-পরিচালক (পার্সো) জনাব ফজলুল হককে বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও তথ্য কমিশনকে অবহিত করতে হবে। | ১) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২) পরিচালক, আইসিটি বিভাগ |
| ১০ | আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ে নতুন লিফট স্থাপন | ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ে ১টি লিফট প্রায় নষ্ট থাকে। বারবার মেরামত করেও লিফট সচল রাখা যাচ্ছে না। তাই আগারগাঁওস্থ প্রধান কার্যালযের ১টি নতুন লিফট ক্রয়ের জন্য প্রকৌশল শাখার মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | এ বিষয়ে ইমাম প্রশিক্ষণ একাডেমি থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী |
| ১১ | বেইজমেন্ট ফ্লোরে গাড়ি রাখার উপযোগী করার ব্যবস্থা গ্রহণ | ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের বেইজমেন্ট ফ্লোরে গাড়ি রাখার উপযোগী করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | পুস্তক সংরক্ষণের জন্য স্থায়ী গুদাম নির্মাণের পর বেইজমেন্ট ফ্লোরে গাড়ি রাখার উপযোগী করার বিষয়ে প্রশাসন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সচিব, ইসলামিক ফাউন্ডেশন |
| ১২ | বরিশাল বিভাগীয় কার্যালয় ভবনের সংস্কার কাজ সংক্রান্ত | ইসলামিক ফাউন্ডেশনের বরিশাল বিভাগীয় কার্যালয়ের পরিচালক জনাব এবিএম শফিকুল ইসলাম বলেন, বরিশাল বিভাগীয় কার্যালয়ের ভবনের চারিপার্শে দিয়ে বৃষ্টির পানি ভিতরে ঢুকে বাইরের দেয়ালের প্লাস্টার নষ্ট হয়ে গেছে। বাইরের টাইলস খুলে খুলে পড়ছে। ভিতরের প্লাস্টার খুলে পড়ছে। ভবনের দক্ষিণ পার্শ্বে কোন জানালা রাখা হয়নি। যার কারণে ভবনটির ভিতরে প্রচন্ড গরম অনুভূত হয়। ৫ তলায় অবস্থিত | ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন বিভাগীয় কার্যালয়ের ভবন মেরামত ও সংস্কারের জন্য ব্যয়ের প্রাক্কলন সংগ্রহপূর্বক সারসংক্ষেপ প্রস্তুত করতে হবে। এরপর ভবন মেরামত ও সংস্কারের জন্য সম্পূরক বাজেটে বরাদ্দ প্রদান করা হবে। | ১) পরিচালক, সমন্বয় বিভাগ<br>২) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হলরুমের হার্ডবোর্ড খুলে পড়ছে।<br>প্রতিদিন প্লাস্টার খুলে পড়ায় এক জরাজীর্ণ অবস্থা সৃষ্টি হয়েছে। এমতাবস্থায় জরুরিভিত্তিতে ভবনের প্লাস্টার, বাইরের টাইলস ফিটিং ও মেরামত না-করা হলে অচিরেই ভবনটির অবস্থা আরো খারাপ হতে থাকবে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রাক্কলন প্রস্তুত এবং মেরামত সংস্কার কাজে বাজেট বরাদ্দ প্রদান করা যেতে পারে। এ বিষয়ে জরুরি সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন। | | |
| ১৩ | বরিশাল বিভাগীয় কার্যালয়ের পৌরকর পরিশোধ সংক্রান্ত | ইসলামিক ফাউন্ডেশন বরিশাল বিভাগীয় কার্যালয়ের নিজস্ব ভবনের পৌরকর বাবদ গত বৎসরের ৫,৭৬,৯৯৬/- টাকা বকেয়াসহ ২০২০-২১ অর্থ বছরে মোট ১৩,২৬,৫১৬/- টাকার পৌরকর পরিশোধ করার জন্য পত্র দিয়েছে। এ বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | ইসলামিক ফাউন্ডেশনের বিভিন্ন বিভাগীয় কার্যালয়ের পরিশোধিত পৌরকর ও বকেয়া পৌরকরের পরিমাণ সংগ্রহপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রদান করতে হবে। | ১) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২) পরিচালক, সমন্বয় বিভাগ |
| ১৪ | সিলেট বিভাগীয় কার্যালয় ভবনের মেরামত সংক্রান্ত | ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়ের পরিচালক জনাব ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সিলেট বিভাগীয় কার্যালয়ের নিজস্ব ভবনের সীমানা প্রাচীরে কাঁটা তারের বেড়া স্থাপন ও রঙ করা প্রয়োজন। এছাড়া ভবনের ভিতরে লিফট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | এ বিষয়ে সিলেট বিভাগীয় কার্যালয় থেকে দীর্ঘ মেয়াদী ও স্বল্পমেয়াদী কর্ম পরিকল্পনা ও প্রাক্কলিত বাজেট সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে। | ১) পরিচালক, সমন্বয় বিভাগ<br>২) পরিচালক, সিলেট বিভাগীয় কার্যালয় |
| ১৫ | মডেল মসজিদ নির্মাণ কাজ পরিদর্শন ও তদারকির জন্য বরাদ্দ প্রদান সংক্রান্ত | খুলনা বিভাগীয় কার্যালয়ের পরিচালক জনাব শাহীন বিন জামান বলেন, বিভিন্ন জেলায় নির্মিয়মান মডেল মসজিদের কাজের অগ্রগতি পরিদর্শন ও তদারকি করার জন্য কোন বরাদ্দ রাখা হয়নি।<br>পরিকল্পনা বিভাগের পরিচালক জনাব হাজেরা খাতুন বলেন, মহাপরিচালক মহোদয় পদাধিকার বলে মডেল মসজিদের কার্যক্রম বাস্তবায়ন কমিটির সভাপতি। অথচ মহাপরিচালক মহোদয়কে সংশ্লিষ্ট অনেক বিষয়ে অবহিত না করে কাজ করা হচ্ছে। | বিষয়টি অতি দ্রুত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |
| ১৬ | ইমাম প্রশিক্ষণ একাডেমির শূন্যপদে জনবল নিয়োগ | ইমাম প্রশিক্ষণ একাডেমির ৭টি কেন্দ্রে কর্মকর্তা-কর্মচারীর ৩৮টি পদ শূন্য রয়েছে। জরুরিভিত্তিতে পদগুলো পূরণ করা প্রয়োজন। জনবলের অভাবে প্রশিক্ষণসহ বিভিন্ন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। | জনবল নিয়োগের চাহিদার প্রেক্ষিতে প্রশাসন বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | ১) সচিব, প্রশাসন বিভাগ<br>২) পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমি |
| ১৭ | প্রধান কার্যালেয়ের সভাকক্ষ আধুনিকায়ন | ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের ২য় তলায় অবস্থিত সভাকক্ষের পিএ সিস্টেম অচল। এছাড়া জুম অ্যাপসসের মাধ্যমে সভার করার সুবিধাদি অপ্রতুল। | প্রধান কার্যালেয়ের সভাকক্ষ আধুনিকায়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।<br>১ \| উপসচিব, ইফা \| আহবায়ক<br>২ \| উপ-পরিচালক, সমন্বয় বিভাগ \| সদস্য<br>৩ \| জনাব মশিউর রহমান ভূঁইয়া, সহকারী পরিচালক, প্রশাসন \| সদস্য সচিব<br>৪ \| জনাব মিজানুর রহমান, উপ সহকারী প্রকৌশলী \| সদস্য<br>৫ \| আরিফ হাসান, \| সদস্য | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | কর্পোরেট মোবাইল সীম প্রদান সংক্রান্ত | ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়ের পরিচালক জনাব ফরিদ উদ্দিন আহমেদ বলেন, জেলা কর্মকর্তাদের কর্পোরেট মোবাইল সীম প্রদান করা যেতে পারে যাতে একজন কর্মকর্তা বদলি হয়ে গেলেও জেলা প্রশাসন ও সকল অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে পারে। | কর্পোরেট মোবাইল সীম ব্যবহারের সুবিধা, সমস্যা ও সম্ভাবনা নির্ধারণ করে পরিচালক, আইসিটি একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রস্তুত করবে। | পরিচালক, আইসিটি বিভাগ |

স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত/সংযুক্ত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস্ মাহমুদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮১৫১৬

স্মারক নম্বর ১৬.০১.০০০০.০০৫.০৭.০৫৫.২০.৬০৬ তারিখ: ৩১ আগস্ট ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন।
২। প্রকল্প পরিচালক, প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প।
৩। সচিব, ইসলামিক ফাউন্ডেশন।
৪। পরিচালক, ........................................................................ বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন।
৫। প্রকল্প পরিচালক, ................................................................... প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন।
৬। উপসচিব, ইসলামিক ফাউন্ডেশন।
৭। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। জনাব ..................................................................................., ইসলামিক ফাউন্ডেশন।
৯। জনসংযোগ কর্মকর্তা, ইসলামিক ফাউন্ডেশন।
১০। সংশ্লিষ্ট নথি।

৩১.০৮.২০২০

মোহাম্মদ মহীউদ্দিন মজুমদার
পরিচালক
সমন্বয় বিভাগ
ফোন : ৮১৮১৫৪১